দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL.-1 .. 1999
পৃষ্ঠা 2 কলাম 2

84

প্রক্রিয়া শুরু হয়েছে।

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ২২ কোটি টাকার বাজেট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯-২০০০ অর্থবছরের জন্য ৩০ লাখ টাকার ঘাটতিসহ ২২ কোটি ৮০ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. নূরউদ্দীন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক বৈঠকে মঙ্গলবার এ বাজেট ঘোষণা করা হয়।

১৯৯৯-২০০০ অর্থবছরের মোট বরাদ্দ ২২ কোটি ৮০ লাখ টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে সরকারী অনুদানের পরিমাণ ২১ কোটি ২০ লাখ টাকা। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সূত্র হতে আয় ধরা হয়েছে এক কোটি ৩০ লাখ টাকা। মোট বরাদ্দ থেকে শিক্ষক কর্মকর্তা-কর্মচারীদের বেতন বাবদ ব্যয় হবে ১৩ কোটি ৯০ লাখ টাকা। পেনশন খাতে এক কোটি ১০ লাখ টাকা, সাধারণ আনুষঙ্গিক খাতে চার কোটি ৪৬ লাখ টাকা এবং শিক্ষা আনুষঙ্গিক খাতে তিন কোটি ৩৪ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে।